অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/29/2026 **গভর্নর ক্যাথি হোকল**

শেনেকটাডির একটি পুরনো স্কুলকে সাশ্রয়ী মূল্যের প্রবীণ আবাসন হিসেবে নতুন করে তৈরি করা হচ্ছে বলে গভর্নর হোকল ঘোষণা করেছেন

23 মিলিয়ন ডলারের এলমার গার্ডেনস প্রকল্পটিতে সহায়তা পরিষেবা সহ 51টি আধুনিক, সম্পূর্ণ বৈদ্যুতিক অ্যাপার্টমেন্ট রয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে শেনেকটাডির (Schenectady) ইস্টার্ন অ্যাভিনিউ এলাকার দীর্ঘকাল ধরে খালি পড়ে থাকা এলমার অ্যাভিনিউ এলিমেন্টারি স্কুলটিকে 23 মিলিয়ন ডলার ব্যয়ে 51-ইউনিটের একটি সাশ্রয়ী ও সহায়তাধর্মী আবাসন প্রকল্পে রূপান্তরিত করা হয়েছে। এলমার গার্ডেনস (Elmer Gardens) 55 বছর বা তার বেশি বয়সী বাসিন্দাদের জন্য আধুনিক, সম্পূর্ণ বিদ্যুৎচালিত অ্যাপার্টমেন্ট সরবরাহ করে, যার মধ্যে গৃহহীনতার সমস্যায় জর্জরিত ব্যক্তিরাও অন্তর্ভুক্ত; একই সাথে এটি স্কুলটির ঐতিহাসিক চরিত্র সংরক্ষণ করে এবং শহরের ইস্টার্ন অ্যাভিনিউ করিডোরে নতুন প্রাণ সঞ্চার করে। গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বের অধীনে, নিউ ইয়র্ক স্টেটের (New York State) হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) শেনেকটাডি (Schenectady) কাউন্টিতে 800টিরও বেশি সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি বা সংরক্ষণ করেছে, যার মধ্যে শেনেকটাডি (Schenectady) শহরেই 600টিরও বেশি আবাসন রয়েছে। এলমার গার্ডেনস এই প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে এবং গভর্নর Hochul (হোকল) এর 25 বিলিয়ন মার্কিন ডলার পাঁচ বছরের আবাসন পরিকল্পনাকে পরিপূরক করে, যা স্টেট ব্যাপী 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণের পথে রয়েছে।

"এলমার গার্ডেনসের মতো প্রকল্পগুলো দেখায় যে কীভাবে আমরা একই সাথে আমাদের ইতিহাসকে সম্মান করতে পারি এবং আমাদের সম্প্রদায়গুলোতে সাশ্রয়ী মূল্যের, উচ্চমানের আবাসনের দরজা খুলে দিতে পারি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "একটি পুরনো সামাজিক সম্পদকে আধুনিক, শক্তি-সাশ্রয়ী বাড়িতে রূপান্তরিত করার মাধ্যমে আমরা আমাদের আবাসন সরবরাহ বৃদ্ধি করছি এবং একই সাথে ছিমছাম এলাকাগুলোকে একটি প্রাণবন্ত স্থানে পরিণত করছি, যা প্রবীণদের এমন একটি সহায়ক পরিবেশ দেবে যেখানে তারা একে অপরের সাথে সংযোগ স্থাপন করতে এবং স্বাধীনভাবে জীবনযাপন করতে পারবে। এলমার গার্ডেনস ক্যাপিটাল রিজিওনের এবং সমগ্র স্টেট জুড়ে সম্প্রদায়গুলোকে শক্তিশালী করার জন্য আমার প্রশাসনের প্রতিশ্রুতির প্রতিফলন ঘটায়।"

হোম লিজিং, LLC এবং বেটার কমিউনিটি নেইবারহুডস, ইঙ্ক. কর্তৃক নির্মিত এলমার গার্ডেনস 2018 সালে বন্ধ হয়ে যাওয়া ঐতিহাসিক স্কুলটিকে সংরক্ষণ করেছে। মূল ভবনটি 1905 সালে নিওক্লাসিক্যাল শৈলীতে নির্মিত হয়েছিল এবং 1968 সালে একটি আধুনিক অংশ যুক্ত করে এটিকে সম্প্রসারিত করা হয়। সংস্কার কাজগুলো কাঠামোর বৈশিষ্ট্য বজায় রাখে এবং ন্যাশনাল পার্ক সার্ভিসেসের ঐতিহাসিক পুনর্নির্মাণ মানদণ্ড পূরণ করে। বিদ্যমান শ্রেণীকক্ষের জায়গাগুলোতে অ্যাপার্টমেন্ট তৈরি করা হয়েছে, 1905 সালের ভবনটির জানালার ফাঁকগুলো পুনরুদ্ধার করা হয়েছে, মূল অডিটরিয়ামটিকে ভাড়াটেদের জন্য একটি কমিউনিটি রুম হিসেবে ব্যবহার করার জন্য অক্ষুণ্ণ রাখা হয়েছে এবং একটি নতুন লিফট যুক্ত করা হয়েছে।

এই প্রকল্পটি ইস্টার্ন অ্যাভিনিউ বরাবর পুনরুজ্জীবন প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যায় এবং শহরের স্টেট-অর্থায়িত অন্যান্য সাশ্রয়ী আবাসন বিনিয়োগের পরিপূরক হিসেবে কাজ করে, যার মধ্যে উইন্ডসর টেরেস অ্যাপার্টমেন্টস এবং রেনেসাঁ স্কোয়ার অ্যাপার্টমেন্টস অন্তর্ভুক্ত, যেটি সেন্ট মেরিস স্কুলটিকে সংরক্ষণ করেছে। এলমার গার্ডেনস ক্যাপিটাল ডিস্ট্রিক্ট ট্রানজিট অথরিটির (Capital District Transit Authority) একটি বাস স্টপের পাশেই অবস্থিত, যেখান থেকে শেনেকটাডি (Schenectady) এবং ট্রয়ের (Troy) ডাউনটাউনে যাতায়াত করা যায়। এটি রেস্তোরাঁ ও দোকানপাট, একটি ফার্মেসি, খাবারের বাজার, তিনটি স্কুল, একটি প্রবীণ কেন্দ্র এবং একটি গ্রন্থাগারের কাছে অবস্থিত। বাসিন্দাদের জন্য নির্ধারিত সুযোগ-সুবিধাগুলোর মধ্যে রয়েছে সামাজিক জমায়েতের স্থান, একটি ফিটনেস রুম, বাসিন্দাদের পরিবারের সদস্যদের পরিদর্শনের জন্য একটি আন্তঃপ্রজন্মীয় খেলার মাঠ এবং একটি সুসজ্জিত বাগানসহ বহিঃপ্রাঙ্গণ।

সকল অ্যাপার্টমেন্ট এলাকার মিডিয়ান আয়ের (Area Median Income) 60 শতাংশ পর্যন্ত আয় করা গৃহস্থালির ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে। ছাব্বিশটি অ্যাপার্টমেন্টে গৃহহীনতার শিকার হওয়া বাসিন্দাদের জন্য অন-সাইট সহায়তা প্রদান করা হয়। পরিষেবাগুলো শেনেকটাডি কমিউনিটি অ্যাকশন প্রোগ্রাম (Community Action Program) দ্বারা প্রদান করা হয় এবং এর মধ্যে বাসিন্দাদের স্থিতিশীল বাসস্থান ও স্বাধীন জীবনযাপন বজায় রাখতে সহায়তা করার জন্য ব্যক্তিগতকৃত সহায়তা অন্তর্ভুক্ত রয়েছে।

ভবনটি সম্পূর্ণ বিদ্যুৎচালিত এবং এতে ছাদের উপর সৌর প্যানেল, শক্তি-সাশ্রয়ী HVAC সিস্টেম, এনার্জি স্টার (ENERGY STAR) অনুমোদিত যন্ত্রপাতি এবং উচ্চ কর্মক্ষম জানালা রয়েছে। এই প্রকল্পে এমন অ্যাপার্টমেন্ট অন্তর্ভুক্ত রয়েছে যা সম্পূর্ণরূপে সহজগম্য এবং অভিযোজনযোগ্য, যাতে চলাচলে, শ্রবণে ও দৃষ্টিশক্তিতে অক্ষম বাসিন্দাদের থাকার ব্যবস্থা করা যায়।

এলমার গার্ডেনসের জন্য স্টেটের তহবিলের মধ্যে আছে ফেডারেল ও স্টেট লো ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট (Low Income Housing Tax Credits) প্রোগ্রাম যা আনুমানিক 10 মিলিয়ন মার্কিন ডলার ইকুইটি তৈরি করবে এবং তাদের হাউজিং ট্রাস্ট ফান্ড থেকে পাওয়া 4.7 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে। নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিস (New York State Office of Parks, Recreation and Historic Preservation) ফেডারেল ও স্টেট Historic Rehabilitation Tax Credits বাবদ 63 লক্ষ ডলারের ব্যবহার সহজতর করেছে। নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority) নতুন নির্মাণ আবাসন কর্মসূচির (New Construction Housing Program) মাধ্যমে 204,000 মার্কিন ডলার প্রদান

করেছে। শেনেকটাডি সিটি HOME ফান্ডে (HOME funds) 236,000 মার্কিন ডলার প্রদান করেছে। শেনেকটাডি কাউন্টি 200,000 মার্কিন ডলার প্রদান করেছে। কমিউনিটি প্রিজারভেশন কর্পোরেশন (Community Preservation Corporation) 1.3 মিলিয়ন ডলার স্থায়ী ঋণ প্রদান করেছে। সাপোর্টিভ ইউনিটগুলির জন্য ভাড়া এবং পরিচালনার ভর্তুকির তহবিল আসে Empire State Supportive Housing উদ্যোগের অর্থ থেকে যা নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) পরিচালনা করে।

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল কমিশনার RuthAnne Visnauskas (রূথ অ্যান ভিসনাউকাস) বলেন, “গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, নিউ ইয়র্ক এমন উন্নয়ন প্রকল্পগুলোকে অগ্রাধিকার দিচ্ছে যা স্থায়িত্ব, সহায়ক পরিষেবা এবং সম্প্রদায়ের পুনরুজ্জীবনকে একত্রিত করে। কীভাবে কৌশলগত স্টেট বিনিয়োগ ঐতিহাসিক ভবনগুলোকে সংরক্ষণ করতে পারে এবং আমাদের সম্প্রদায়ের চাহিদা পূরণকারী সাশ্রয়ী ও শক্তি-সাশ্রয়ী আবাসন সরবরাহ করতে পারে তার একটি উজ্জ্বল উদাহরণ হল এলমার গার্ডেনস। 23 মিলিয়ন ডলারের এই প্রকল্পটি শেনেকটাডিতে প্রবীণ নাগরিকদের প্রাপ্য স্থিতিশীলতা ও সহায়তা উপভোগ করার সুযোগ করে দেবে।"

নিউ ইয়র্ক স্টেটের পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন এর ভারপ্রাপ্ত কমিশনার Kathy Moser (ক্যাথি মোসার) বলেন, "নিউ ইয়র্ক জুড়ে বিভিন্ন সম্প্রদায়ে স্কুল এবং স্কুলের ভবনগুলো গুরুত্বপূর্ণ কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করে। যেসব ভবন প্রজন্মের পর প্রজন্ম ধরে স্কুল শিক্ষার্থীদের লালন-পালন করেছে, সেগুলোকে প্রবীণদের জন্য সাশ্রয়ী ও সহায়ক আবাসিক সম্প্রদায় হিসেবে পুনরুজ্জীবিত করাটা এই ভবনগুলোর জন্য একটি উপযুক্ত পরবর্তী অধ্যায়। ঐতিহাসিক ভবন সংস্কার কর ক্রেডিট কর্মসূচি (historic rehabilitation tax credit programs) ব্যবহার করে এমন প্রকল্পগুলোর অংশ হওয়ার সুযোগকে আমরা মূল্যবান মনে করি এবং স্টেটজুড়ে বিভিন্ন সম্প্রদায়ে নিরাপদ ও সাশ্রয়ী আবাসনকে অগ্রাধিকার দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল) এর নেতৃত্বের প্রশংসা করি।"

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগের কমিশনার Dr. James McDonald (ডা. জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "আবাসন এবং স্বাস্থ্য একে অপরের সাথে ঘনিষ্ঠভাবে সম্পর্কিত। অসুস্থ বা গৃহহীনসহ প্রবীণদের জন্য সহায়ক ও সহজলভ্য আবাসনের ব্যবস্থা করার মাধ্যমে বাসিন্দারা যাতে নিরাপদে, স্বাধীনভাবে এবং উন্নতি লাভের জন্য প্রয়োজনীয় সম্পদসহ জীবনযাপন করতে পারে তা আমরা নিশ্চিত করি। নিউ ইয়র্ক জুড়ে স্বাস্থ্যকর সম্প্রদায় গড়ে তোলার ক্ষেত্রে তাঁর অবিচল প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য এজিংয়ের (Office for the Aging) ডিরেক্টর Greg Olsen (গ্রেগ ওলসেন) বলেন, "গভর্নর Hochul (হোকল)-এর সাশ্রয়ী আবাসন কর্মসূচি নিউ ইয়র্ক জুড়ে প্রবীণদের জন্য সুফল বয়ে আনছে, যারা সাশ্রয়ী ও সুবিধাজনক আবাসনকে তাদের অন্যতম প্রধান অগ্রাধিকার হিসেবে উল্লেখ করেছেন। একসময় ছোট ছেলেমেয়েদের শেখার জায়গা ছিল এটি, আর এই প্রকল্পটি মূলত একটি ঐতিহাসিক স্কুল ভবনকে তার মূল উদ্দেশ্য অনুযায়ী পুনরুদ্ধার করে নিউ ইয়র্কবাসীদের জন্য সামাজিক জীবনীশক্তি ও সুযোগ নিশ্চিত করছে — তবে এখন, জীবনের পরন্ত পর্যায়ে থাকা বাসিন্দাদের জন্য। স্থানীয় পরিষেবা এবং গণপরিবহনের কাছাকাছি অবস্থানের কারণে প্রবীণ বাসিন্দারা একটি সত্যিকারের সংযুক্ত ও

বাসযোগ্য সম্প্রদায়ের সমস্ত গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যে প্রবেশাধিকার পেয়ে স্বাধীনভাবে জীবনযাপন করতে পারেন।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority) এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা Doreen M. Harris (ডোরিন এম. হ্যারিস) বলেন, "এই সম্পূর্ণ বিদ্যুৎচালিত সাশ্রয়ী আবাসন প্রকল্পটি তুলে ধরেছে যে, কীভাবে স্মার্ট ডিজাইন, অনসাইট সৌরশক্তি এবং উচ্চ-দক্ষতাসম্পন্ন বৈশিষ্ট্যগুলো একত্রিত করে বাসিন্দাদের জন্য শক্তি সাশ্রয় এবং স্বাস্থ্যকর জীবনযাপনের পরিবেশ নিশ্চিত করা যায়। এলমার গার্ডেনসের মতো প্রকল্পগুলো এই বিষয়টি নিশ্চিত করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ যে, পরিচ্ছন্ন শক্তির রূপান্তর প্রক্রিয়াটি নিউ ইয়র্কের বাসিন্দা এবং স্টেটের সর্বত্র সম্প্রদায়গুলোর জন্য বাস্তব সুবিধা বয়ে আনবে।"

সিনেটর Chuck Schumer (চাক শুমার) বলেন, “ক্যাপিটাল রিজিওনের প্রত্যেক প্রবীণ নাগরিকের একটি নিরাপদ ও সাশ্রয়ী বাসস্থান পাওয়ার অধিকার রয়েছে। আমি গর্বিত যে, আমি যে ফেডারেল লো-ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট রক্ষা ও সম্প্রসারণের জন্য কঠোর পরিশ্রম করেছি, তা এবং অন্যান্য ফেডারেল কর্মসূচিগুলো মিলে শেনেকটাডির এলমার গার্ডেনসে অবস্থিত ঐতিহাসিক প্রাক্তন এলমার অ্যাভিনিউ স্কুলটিকে প্রবীণদের জন্য 50টিরও বেশি নতুন সাশ্রয়ী বাড়িতে রূপান্তরিত করতে 13 মিলিয়ন ডলারেরও বেশি অর্থ সহায়তা প্রদান করেছে। উচ্চ আবাসন ব্যয় হলো মূল্যস্ফীতির একটি প্রধান কারণ, তাই এই উচ্চ মূল্য কমাতে আমাদের অবশ্যই কর্মজীবী মানুষের জন্য আরো বেশি আবাসন নির্মাণ করতে হবে। আমি শেনেকটাডি কাউন্টি এবং সমগ্র ক্যাপিটাল রিজিওনে কর্মজীবী পরিবার ও প্রবীণদের জন্য আবাসন প্রাপ্তির সুযোগ বৃদ্ধিতে গভর্নর Hochul (হোকল)-এর কাজের প্রশংসা করি, এবং আমি নিউ ইয়র্ক জুড়ে আরও সাশ্রয়ী আবাসন সরবরাহের জন্য ফেডারেল সম্পদ প্রদানে কাজ চালিয়ে যাবো।"

সিনেটর Kirsten Gillibrand (কার্স্টেন গিলিব্র্যান্ড) বলেন, "আমাদের প্রবীণদের নিরাপদ ও সাশ্রয়ী মূল্যের আবাসনের অধিকার প্রাপ্য, যেখানে তাঁরা সম্মানের সাথে বার্ধক্য জীবন কাটাতে পারবেন। এলমার গার্ডেনসের নির্মাণকাজ সম্পন্ন হওয়ার ফলে এটি নিশ্চিত হবে যে ক্যাপিটাল রিজিওনের প্রবীণ ব্যক্তিরা তাদের প্রয়োজনীয় আবাসন সুবিধাগুলো পাবেন। আমি এই প্রকল্পটি সমাজে যে ইতিবাচক পরিবর্তন আনবে তার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি, এবং আমাদের স্টেটজুড়ে আধুনিক, সাশ্রয়ী মূল্যের আবাসন সম্প্রসারণের জন্য আমি ফেডারেল তহবিলের জন্য লড়াই চালিয়ে যাবো।”

প্রতিনিধি Paul Tonko (পল টঙ্কো) বলেন, "এলমার গার্ডেনসের নির্মাণকাজ সম্পন্ন হওয়া উদযাপন করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত, যেটি আমাদের সেই লড়াইয়ের একটি গুরুত্বপূর্ণ মাইলফলক, যার মাধ্যমে আমরা নিশ্চিত করতে চাই যে নিউ ইয়র্কের প্রতিটি বাসিন্দার যেন তাদের প্রয়োজন অনুযায়ী নিরাপদ ও সাশ্রয়ী আবাসন থাকে। এই 51-ইউনিটের প্রবীণ আবাসন প্রকল্পটি গভর্নর Hochul (হোকল)-এর অধীনে শেনেকটাডি কাউন্টিতে ইতিমধ্যেই নির্মিত 800টিরও বেশি সাশ্রয়ী মূল্যের বাড়ির সাথে একটি চমৎকার সংযোজন হবে, যা সবচেয়ে বেশি প্রয়োজন এমন বাসিন্দাদের ব্যক্তিগত সহায়তা এবং পরিষেবা প্রদান করবে। একটি ঐতিহাসিক স্কুল ভবনকে একটি টেকসই, সম্পূর্ণ বিদ্যুৎ-চালিত আবাসন প্রকল্পে রূপান্তরিত করার মাধ্যমে এই প্রকল্পটি একটি চমৎকার উদাহরণ যে, কীভাবে আমরা সকলের

জন্য একটি উন্নত ভবিষ্যৎ গড়তে আমাদের বিদ্যমান অবকাঠামোকে পুনরুজ্জীবিত করতে পারি। এই মুহূর্তটিকে সম্ভব করে তুলতে সাহায্যকারী ফেডারেল ও স্টেট সরকারের অংশীদারিত্ব নিয়ে আমি গর্বিত, এবং আমি অধীর আগ্রহে অপেক্ষা করছি এটি দেখার জন্য যে শেনেকটাডির বাসিন্দারা আগামী প্রজন্ম ধরে কীভাবে এর থেকে উপকৃত হবেন।"

অ্যাসেম্বলিমেম্বার Angelo Santabarbara (অঞ্জেলো সান্টাবারবারা) বলেন, "এলমার গার্ডেনস হল এমন এক ধরনের বিনিয়োগ যা এই শেনেকটাডির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি প্রাক্তন পাড়ার স্কুলকে অন-সাইট প্রয়োজনীয় সহায়তা সহ নিরাপদ ও সাশ্রয়ী আবাসনে রূপান্তরিত করার মাধ্যমে, এই প্রকল্পটি আশেপাশের সম্প্রদায়কে শক্তিশালী করে এবং একটি পরিচিত স্থানীয় ভবনকে নতুন উদ্দেশ্যে ব্যবহারযোগ্য রাখে। এটি আমাদের এলাকার মানুষদের জন্য একটি স্থিতিশীল বাসস্থান নিশ্চিত করতে সাহায্য করে এবং এটি এমন ধরনের বাস্তবসম্মত, সম্প্রদায়-কেন্দ্রিক আবাসনের প্রতিফলন, যার প্রয়োজন আমাদের আরও বেশি।"

শেনেকটাডির মেয়র Gary McCarthy (গ্যারি ম্যাকার্থি) বলেন, "আমরা শেনেকটাডির মতো সম্প্রদায়গুলোকে মানসম্মত সাশ্রয়ী আবাসন তৈরিতে অসামান্য সমর্থনের জন্য গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং কমিশনার Visnauskas (ভিসনাউস্কাস)-কে ধন্যবাদ জানাই। তাদের সাহায্য ছাড়া আমরা প্রাক্তন এলমার অ্যাভিনিউ স্কুলের জন্য একটি নতুন ভবিষ্যৎ তৈরি করতে পারতাম না, এই ঐতিহাসিক ভবনটিকে রক্ষা করতে এবং এটিকে আমাদের প্রবীণদের জন্য একটি নতুন বাসস্থান হিসেবে গড়ে তুলতে পারতাম না। এই ভবনটিকে রূপান্তরিত করার প্রতিশ্রুতির জন্য আমরা হোম লিজিংকে (Home Leasing) ধন্যবাদ জানাই এবং আমাদের স্থানীয় অর্থনৈতিক উন্নয়ন দলকে ধন্যবাদ জানাই, যারা আরেকটি কঠিন নির্মাণ প্রকল্পকে সহজ করে তুলতে সাহায্য করেছেন।”

শেনেকটাডি কাউন্টির আইনি প্রধান Gary Hughes (গ্যারি হুগস) বলেন, "আমাদের সম্প্রদায়ের অনেকের কাছেই প্রাক্তন এলমার অ্যাভিনিউ স্কুলটি সারাজীবনের স্মৃতি বহন করে, এবং এমন ইতিহাসসমৃদ্ধ একটি স্থানকে সংরক্ষণ করে এটিকে নতুন উদ্দেশ্য প্রদান করাটা উদযাপনের যোগ্য একটি বিষয়। এলমার গার্ডেনস এখন বয়স্কদের জন্য উচ্চ-মানের, সাশ্রয়ী মূল্যের আবাসন সরবরাহ করছে, একই সাথে এলাকার বৈশিষ্ট্যও অক্ষুণ্ণ রাখছে, এবং এই প্রকল্পটি সম্ভব করে তোলার জন্য তাদের অংশীদারিত্ব ও বিনিয়োগের জন্য আমরা নিউ ইয়র্ক স্টেট এবং গভর্নর Hochul (হোকল)-এর কাছে কৃতজ্ঞ।"

শেনেকটাডি কাউন্টির মেট্রোপ্লেক্স ডেভেলপমেন্ট অথরিটির চেয়ারম্যান Ray Gillen (রে গিলেন) বলেন, "ইস্টার্ন অ্যাভিনিউ এলাকার এই বিনিয়োগটি ঐতিহাসিক স্থাপত্য সংরক্ষণ এবং এলাকার পুনরুজ্জীবনের জন্য একটি বড় অগ্রগতি। শেনেকটাডি, গভর্নর Hochul (হোকল)-এর আরও আবাসন নির্মাণের জন্য উৎসাহিত করার কর্মসূচিটি দ্রুত গ্রহণ করেছিল এবং আমরা এর ফলাফল পুরো কাউন্টি জুড়েই দেখতে পাচ্ছি।"

হোম লিজিং (Home Leasing)-এর CEO Megan Houppert (মেগান হউপার্ট) বলেন, "এলমার গার্ডেনস উচ্চ-মানের, সাশ্রয়ী আবাসন তৈরির প্রতি হোম লিজিংয়ের (Home Leasing) গভীর প্রতিশ্রুতির প্রতিফলন ঘটায়, যা প্রবীণদের স্থিতিশীলতা এবং স্বাধীনতা বজায় রাখতে সাহায্য করে। আমরা আমাদের দ্বিতীয় যৌথ প্রকল্পে বেটার কমিউনিটি নেইবারহুডস, ইঙ্ক.

(Better Community Neighborhoods, Inc., BCNI)-এর সাথে আবারও অংশীদার হতে পেরে গর্বিত, যে প্রকল্পে সাশ্রয়ী ও সহায়ক আবাসনের সাথে একটি ঐতিহাসিক কমিউনিটি ল্যান্ডমার্কের সংরক্ষণকে একত্রিত করা হয়েছে। এই সহযোগিতার মাধ্যমে আমরা এমন বাড়ি সরবরাহ করছি যা কেবল সাশ্রয়ী ও শক্তি-সাশ্রয়ীই নয়, বরং এমন পরিষেবাগুলোর সাথেও সংযুক্ত যা বাসিন্দাদের উন্নতিতে সাহায্য করে।"

বেটার কমিউনিটি নেইবারহুডস ইঙ্ক. এর CEO Matthew Nelson (ম্যাথু নেলসন) বলেন, "এলমার গার্ডেনস এই শক্তিশালী কথাই মনে করিয়ে দেয় যে, অর্থবহ পরিবর্তন অংশীদারিত্বের মাধ্যমেই ঘটে। আমরা হোম লিজিং (Home Leasing), Hochul (হোকল) প্রশাসন, শেনেকটাডি সিটি (City of Schenectady) এবং অনেক নিবেদিতপ্রাণ অংশীদারের সাথে কাজ করতে পেরে গর্বিত, যারা একটি ঐতিহাসিক কমিউনিটি সম্পদে নতুন প্রাণ সঞ্চার করার পাশাপাশি প্রবীণদের জন্য উচ্চ-মানের আবাসন সরবরাহ করছেন। একসাথে আমরা পাড়া-মহল্লাগুলোকে শক্তিশালী করছি এবং এমন বাড়ি তৈরি করছি যেখানে প্রবীণরা স্বাচ্ছন্দ্যে জীবনযাপন করতে পারেন।"

কমিউনিটি প্রিজারভেশন কর্পোরেশনের ভাইস প্রেসিডেন্ট এবং মর্টগেজ অফিসার Miriam Zinter (মিরিয়াম জিন্টার) বলেন, "এলমার গার্ডেনস, কীভাবে সুচিন্তিত পুনঃবিনিয়োগের মাধ্যমে একটি ঐতিহাসিক ভবনে নতুন প্রাণ সঞ্চার করা যায় এবং একই সাথে একটি সম্প্রদায়ের আবাসন সংক্রান্ত প্রকৃত চাহিদা পূরণ করা যায় তার এক অসাধারণ উদাহরণ। এই প্রাক্তন স্কুলটিকে প্রবীণদের জন্য সুন্দর ও সাশ্রয়ী বাড়িতে রূপান্তরিত করার ঘটনাটি সেই ধরনের প্রভাব-সৃষ্টিকারী কাজেরই প্রতিফলন, যা নিয়ে CPC গর্বের সাথে কাজ করে থাকে। আমরা HCR, হোম লিজিং (Home Leasing), রেড স্টোন ইক্যুইটি পার্টনার্স (Red Stone Equity Partners) এবং আমাদের সকল অংশীদারদের প্রতি গভীর কৃতজ্ঞ, যাদের নিষ্ঠা ও সহযোগিতায় এই প্রকল্পটি বাস্তবে রূপ লাভ করেছে।"

গভর্নর Hochul (হোকল)-এর আবাসন এজেন্ডা

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের হাউজিং সঙ্কট সমাধান করতে এবং স্টেটকে সকল নিউ ইয়র্কবাসীদের জন্য আরো সাশ্রয়ী ও আরো বাসযোগ্য করার ব্যাপারে নিবেদিত। 2023 সালের অর্থবছর থেকে গভর্নর প্রায় 4 বিলিয়ন ডলারের লক্ষ্যভিত্তিক বিনিয়োগ, একটি ব্যাপক আবাসন পরিকল্পনা এবং ভাড়াটে ও বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষা ব্যবস্থা বাস্তবায়নের মাধ্যমে আবাসনের সরবরাহ বাড়াতে কাজ করেছেন। গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, HCR নতুন কর্মসূচি তৈরি করেছে যা ভাড়াটে এবং বাড়ি ক্রেতা উভয়ের জন্যই সাশ্রয়ী ও মিশ্র-আয়ের বাড়ি নির্মাণের কাজকে গতি দেয়। এর মধ্যে রয়েছে প্রো-হাউজিং কমিউনিটি প্রোগ্রাম (Pro-Housing Community Program), যা প্রত্যয়িত স্থানীয় এলাকাগুলোকে স্টেটের বিবেচনামূলক তহবিল থেকে 750 মিলিয়ন ডলার পর্যন্ত একচেটিয়া সুবিধা পাওয়ার সুযোগ দেয়। বর্তমানে, 400টির বেশি কমিউনিটি প্রো-হাউজিং সার্টিফিকেশন পেয়েছে, যার মধ্যে শেনেকটাডি সিটিও আছে।

2027 সালের অর্থবছরের নির্বাহী বাজেটটি গভর্নরের বর্তমান পাঁচ বছর মেয়াদী, 25 বিলিয়ন ডলারের আবাসন পরিকল্পনাকে (Housing Plan) সম্পূর্ণ করে, যার লক্ষ্য হল স্টেটজুড়ে 100,000 সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করা, যার মধ্যে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য সহায়তা পরিষেবা সহ 10,000টি বাড়ি এবং অতিরিক্ত 50,000 বাড়িতে বিদ্যুতায়নের ব্যবস্থা অন্তর্ভুক্ত রয়েছে। এখনও পর্যন্ত 77,000টিরও অধিক আবাসন তৈরি বা সংরক্ষণ করা হয়েছে।

নির্বাহী বাজেট সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণকে ত্বরান্বিত করার জন্য 250 মিলিয়ন ডলার বিনিয়োগ করছে, যাতে আরও হাজার হাজার সাশ্রয়ী মূল্যের বাড়ি দ্রুত নির্মাণ করা যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন